রেজিস্ট্রারের কার্যালয়
ইসলামী বিশ্ববিদ্যালয়
কুষ্টিয়া, বাংলাদেশ
ফোন : +৮৮-০২৪৭৭৭৮৬৭০৪ (অফিস), ০২-৪৭৭৭৮৩৪৮৯ (বাসা)
পিএবিএক্স: +৮৮-০২৪৭৭৭৮৬৭১০-০২৪৭৭৭৮৬৭১৫/২২০৬ (অফিস)
ফ্যাক্স : +৮৮-০২৪৭৭৭৮৬৭০৫
ই-মেইল : registrar@iu.ac.bd, Website: www.iu.ac.bd

Office of the Registrar
Islamic University
Kushtia, Bangladesh
Phone : +88-02477786704 (Office), 02-477783489 (Res.)
PABX : +88-02477786710-02477786715 /2206 (Office)
Fax : +88-02477786705
E-mail : registrar@iu.ac.bd, Website: www.iu.ac.bd

স্মারক নং : ০২/ শিক্ষা/২বি-২০২৬/৫৭১
Ref. No.

তারিখ : ০৬.০৭.২০২৬
Date:

# ইসলামী বিশ্ববিদ্যালয়ে ২০২৫-২০২৬ শিক্ষাবর্ষে চূড়ান্ত ভর্তি সংক্রান্ত বিজ্ঞপ্তি

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ইসলামী বিশ্ববিদ্যালয়ে ২০২৫-২০২৬ শিক্ষাবর্ষে ভর্তির জন্য যে সকল শিক্ষার্থী GST গুচ্ছভুক্ত বিশ্ববিদ্যালয়সমূহের সমন্বিত ভর্তি পরীক্ষার পছন্দক্রম ও মেধাক্রম অনুসারে ১ম মেধা তালিকা হতে ৫ম মেধা তালিকায় বিষয়প্রাপ্ত হয়ে A, B এবং C ইউনিটের প্রাথমিক ভর্তি নিশ্চায়ন করেছে সে সকল শিক্ষার্থীদের (বিশেষ কোটাসহ) আগামী ০৮-০৭-২০২৬ তারিখ বুধবার থেকে ১৩/০৭/২০২৬ তারিখ সোমবার অফিস চলাকালীন সকাল ৯ :০০ টা হতে বিকাল ৪ :০০ টার মধ্যে নিম্নোক্ত তফসিল অনুযায়ী চূড়ান্ত ভর্তি কার্যক্রম সম্পন্ন করতে হবে।

তফসিল :

১। ভর্তি প্রক্রিয়া ও শর্তাবলী :

ইসলামী বিশ্ববিদ্যালয়ে ২০২৫-২০২৬ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণিতে ভর্তির জন্য GST গুচ্ছভুক্ত বিশ্ববিদ্যালয়সমূহের সমন্বিত ভর্তি পরীক্ষায় পছন্দক্রম ও মেধাক্রম অনুসারে যে সকল শিক্ষার্থী ১ম মেধা তালিকা হতে ৫ম মেধা তালিকায় বিষয়প্রাপ্ত হয়েছে শুধুমাত্র সে সকল শিক্ষার্থীদের আগামী ০৮-০৭-২০২৬ তারিখ বুধবার হতে ১৩-০৭-২০২৬ তারিখ সোমবার (শুক্রবার বাদে) অফিস চলাকালীন সকাল ৯ :০০ টা হতে বিকাল ৪ :০০ টার মধ্যে সংশ্লিষ্ট ইউনিটে সশরীরে প্রয়োজনীয় কাগজপত্রসহ উপস্থিত হয়ে ভর্তি ফরম সংগ্রহ করে যথাযথ ভাবে পূরণ করত : ভর্তি ও আনুষাঙ্গিক ফি জমাদান রশিদ বই সংগ্রহ করে অগ্রণী ব্যাংক পিএলসি লিঃ ইসলামী বিশ্ববিদ্যালয় শাখায় অথবা ইসলামী ব্যাংক বাংলাদেশ পি এলসি শাখায় অনলাইনে Cellfin/mCash এর মাধ্যমে টাকা জমা দিয়ে ভর্তি কার্যক্রম সম্পন্ন করতে হবে।

২। GST গুচ্ছভুক্ত বিশ্ববিদ্যালয়সমূহে জমাকৃত ৫,০০০/= টাকা বাদে অবশিষ্ট ফি' সমূহ প্রদান করতে হবে :

২০২৫-২০২৬ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণীতে গুচ্ছভুক্ত বিশ্ববিদ্যালয়সমূহে প্রাথমিক ভর্তি নিশ্চায়নের জন্য যে সকল শিক্ষার্থী ইতোমধ্যে ৫,০০০/= টাকা জমা দিয়েছে শুধুমাত্র সেই সকল শিক্ষার্থীদের ইসলামী বিশ্ববিদ্যালয়ে ভর্তির জন্য জমাকৃত ৫,০০০/= টাকা বাদে নিম্নে উল্লিখিত অবশিষ্ট ভর্তি ও আনুষাঙ্গিক ফি'সমূহ প্রদান করতে হবে

(i) A ইউনিটের অন্তর্ভূক্ত বিভাগসমূহের জন্য ভর্তি ও আনুষাঙ্গিক ফি ১,৫৩০/= টাকা, ছাত্র কল্যাণ ফি ১৬০/= টাকা,ফ্যাটাল ডিজিজ রিকভারী ফান্ড ২০০/= টাকা, পরিবহন ফি ৯৬০/= টাকা, ডীন অফিস ২৫০/= টাকা, বিভাগ উন্নয়ন ফি' ৩০০০/= টাকা, হল সংযুক্তি ফি' ৯১৫/= টাকাসহ সর্বমোট ৭,০১৫/= টাকা।

(ii) B ইউনিটের অন্তর্ভূক্ত বিভাগসমূহের জন্য ভর্তি ও আনুষাঙ্গিক ফি ৩০/= টাকা, ছাত্র কল্যাণ ফি ১৬০/= টাকা, ফ্যাটাল ডিজিজ রিকভারী ফান্ড ২০০/= টাকা, পরিবহন ফি ৯৬০/= ডীন অফিস ২৫০/= টাকা, বিভাগ উন্নয়ন ফি' ৩০০০/= টাকা, হল সংযুক্তি ফি' ৯১৫/= টাকাসহ সর্বমোট ৫,৫১৫/= টাকা।

(iii) C ইউনিটের অন্তর্ভূক্ত বিভাগসমূহের জন্য ভর্তি ও আনুষাঙ্গিক ফি ৫১০/= টাকা, ছাত্র কল্যাণ ফি ১৬০/= টাকা, ফ্যাটাল ডিজিজ রিকভারী ফান্ড ২০০/= টাকা, পরিবহন ফি ৯৬০/= টাকা ডীন অফিস ২৫০/= টাকা, বিভাগ উন্নয়ন ফি' ৩০০০/= টাকা, হল সংযুক্তি ফি' ৯১৫/= টাকাসহ সর্বমোট ৫,৯৯৫/= টাকা ।

সংশ্লিষ্ট কর্তৃপক্ষের নির্দেশ মোতাবেক নির্ধারিত রশিদ বই-এর মাধ্যমে অগ্রণী ব্যাংক লিঃ, ইসলামী বিশ্ববিদ্যালয় শাখায় অথবা অনলাইনে ইসলামী ব্যাংক বাংলাদেশ পিএলসি শাখায় Cellfin/mCash এর মাধ্যমে ফি'সমূহ প্রদান করতে পারবে।

৩। ইসলামী ব্যাংক বাংলাদেশ পিএলসি শাখায় অনলাইনে Cellfin/mCash এর মাধ্যমে টাকা জমাদানের পদ্ধতিঃ
ইসলামী বিশ্ববিদ্যালয়ে ২০২৫-২০২৬ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক শ্রেণিতে A, B এবং C ইউনিটভুক্ত বিভাগসমূহে শিক্ষার্থীদের ভর্তি সংক্রান্ত কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদন ও জটিলতা নিরসনে লক্ষ্যে ভর্তি ও আনুষাঙ্গিক ফি'সমূহ আগামী ০৮.০৭.২০২৬ তারিখ হতে Cellfin/mCash অথবা যে কোন এজেন্টের মাধ্যমে Payment করা যাবে। Google Play Store হতে Cellfin/mCash APPS ডাউনলোড পূর্বক রেজিস্ট্রেশন করতে হবে।

৪। ভর্তি সংক্রান্ত নির্দেশনা ঃ

**A ইউনিট ঃ**

২০২৫-২০২৬ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেনীর A ইউনিটের সমন্বয়কারীর তত্ত্বাবধানে সংশ্লিষ্ট ডিন মহোদয়গন বিভাগীয় সভাপতি ও অফিস স্টাফদের নিয়ে শিক্ষার্থীদের ভর্তির প্রয়োজনীয় সরঞ্জামাদিসহ ইবনে সিনা বিজ্ঞান ভবনের নিচ তলার ১০১, ১০২ ও ১৩৭ নং কক্ষে অবস্থান করবেন। A ইউনিটভূক্ত বিভাগসমূহের শিক্ষার্থীগন এখান থেকে ভর্তি ফরম সংগ্রহ করে যথাযথ ভাবে পূরণ করে বিভাগীয় সভাপতি ও ডিন মহোদয়গনের স্বাক্ষর সম্পন্ন করে ২য় প্রশাসন ভবনের ৩য় তলায় অবস্থানরত প্রভোষ্ট মহোদয়গনের স্বাক্ষর সম্পন্ন করে একাডেমিক শাখার সংশ্লিষ্ট কর্মকর্তার নিকট ভর্তি ফরম জমা দিয়ে ভর্তি কার্যক্রম সম্পন্ন করবে।

**B ইউনিট ঃ**

২০২৫-২০২৬ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেনীর B ইউনিটের সমন্বয়কারীর তত্ত্বাবধানে সংশ্লিষ্ট ডিন মহোদয়গন বিভাগীয় সভাপতি ও অফিস স্টাফদের নিয়ে শিক্ষার্থীদের ভর্তির প্রয়োজনীয় সরঞ্জামাদিসহ মীর মোশাররফ হোসেন ভবনের নিচ তলায় আইন অনুষদের ডিন অফিস রুম নং- ১২৩ এ অবস্থান করবেন। B ইউনিটভূক্ত বিভাগসমূহের শিক্ষার্থীগন এখান থেকে ভর্তি ফরম সংগ্রহ করে যথাযথ ভাবে পূরণ করে বিভাগীয় সভাপতি ও ডিন মহোদয়গনের স্বাক্ষর শেষে ২য় প্রশাসন ভবনের ৩য় তলায় অবস্থানরত প্রভোষ্ট মহোদয়গনের স্বাক্ষর সম্পন্ন করে একাডেমিক শাখার সংশ্লিষ্ট কর্মকর্তার নিকট ভর্তি ফরম জমা দিয়ে ভর্তি কার্যক্রম সম্পন্ন করবে।

M. Haque

CS CamScanner

রেজিস্ট্রারের কার্যালয়
ইসলামী বিশ্ববিদ্যালয়
কুষ্টিয়া, বাংলাদেশ
ফোন : +৮৮-০২৪৭৭৭৮৬৭০৪ (অফিস), ০২-৪৭৭৭৮৩৪৮৯ (বাসা)
পিএবিএক্স: +৮৮-০২৪৭৭৭৮৬৭১০-০২৪৭৭৭৮৬৭১৫/২২০৬ (অফিস)
ফ্যাক্স : +৮৮-০২৪৭৭৭৮৬৭০৫
ই-মেইল : registrar@iu.ac.bd, Website: www.iu.ac.bd

ইসলামী বিশ্ববিদ্যালয়

Office of the Registrar
Islamic University
Kushtia, Bangladesh
Phone : +88-02477786704 (Office), 02-477783489 (Res.)
PABX : +88-02477786710-02477786715 /2206 (Office)
Fax : +88-02477786705
E-mail : registrar@iu.ac.bd, Website: www.iu.ac.bd

স্মারক নং : ০২/শিক্ষা/ইবি-২০২৬/৫৭১
Ref. No.

তারিখ : ০৬.০৭.২০২৬
Date:

**C ইউনিট ঃ**

২০২৫-২০২৬ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেনীর C ইউনিটের সমন্বয়কারী ও ডিন মহোদয়ের তত্ত্বাবধানে বিভাগীয় সভাপতি ও অফিস স্টাফদের নিয়ে শিক্ষার্থীদের ভর্তির প্রয়োজনীয় সরঞ্জামাদিসহ ব্যবসায় প্রশাসন অনুষদের কনফারেন্স রুমে অবস্থান করবেন। C ইউনিটভূক্ত বিভাগসমূহের শিক্ষার্থীগন এখান থেকে ভর্তি ফরম সংগ্রহ করে যথাযথ ভাবে পূরণ করে বিভাগীয় সভাপতি ও ডিন মহোদয়ের স্বাক্ষর সম্পন্ন করে ২য় প্রশাসন ভবনের ৩য় তলায় অবস্থানরত প্রভোষ্ট মহোদয়গনের স্বাক্ষর সম্পন্ন করে একাডেমিক শাখার সংশ্লিষ্ট কর্মকর্তার নিকট ভর্তি ফরম জমা দিয়ে ভর্তি কার্যক্রম সম্পন্ন করবে।

৫। GST গুচ্ছভুক্ত বিশ্ববিদ্যালয়সমূহে জমাকৃত মূল কাগজ পত্র আগামী ০৮.০৭.২০২৬ তারিখ হতে ১৩.০৭.২০২৬ তারিখ অফিস চলাকালীন সময়ের মধ্যে উত্তোলন করে সর্বশেষ মাইগ্রেশন প্রাপ্ত বিশ্ববিদ্যালয় চূড়ান্ত ভর্তির সময় সংশ্লিষ্ট ইউনিটে মূল কাগজ পত্র জমা দিয়ে একনলেজমেন্ট স্লিপ ভর্তি ফমের সাথে সংযুক্ত করতে হবে।
উল্লেখ্য একনলেজমেন্ট স্লিপ ব্যতিত ভর্তি ফরম গ্রহণ করা হবে না।

৬। শিক্ষার্থীদের জ্ঞাতব্য বিষয় :

ভর্তিচ্ছু শিক্ষার্থীদের ভর্তি ফরমের সাথে (ক) GST গুচ্ছভূক্ত বিশ্ববিদ্যালয়সমূহের সমম্বিত ভর্তি পরীক্ষার স্বাক্ষরিত প্রবেশপত্র, (খ) পাসপোর্ট আকারের সত্যায়িত ২(দুই) কপি ছবি, (গ) মাধ্যমিক/সমমান এবং উচ্চ মাধ্যমিক/সমমান পরীক্ষার পাসের একাডেমিক ট্র্যান্সক্রিপ্ট/নম্বরপত্র ও প্রশাংসা পত্রের সত্যায়িত ফটোকপি, (ঘ) জন্ম নিবন্ধনের সত্যায়িত ফটোকপি, (ঙ) পিতা-মাতার জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত ফটোকপি, (চ) অভিভাবকের আয়ের সনদ, (ছ) GST গুচ্ছভুক্ত বিশ্ববিদ্যালয়সমূহে ৫,০০০/= (পাঁচ হাজার) টাকা জমাকৃত একনলেজমেন্ট স্লিপ ভর্তি ফমের সাথে সংযুক্ত করতে হবে।

৭। কোটায় ভর্তিচ্ছু শিক্ষার্থীদের ভর্তি প্রক্রিয়া ও শর্তাবলী :

(ক) মুক্তিযোদ্ধার পুত্র-কন্যাদের মুক্তিযোদ্ধা কোটা হতে ভর্তির জন্য শিক্ষার্থীদের গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশিত মুক্তিযোদ্ধাদের নামের তালিকার আইডি নম্বর সম্বলিত সনদপত্র অথবা গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক স্বাক্ষরিত সাময়িক/মূল সনদপত্র এবং গেজেটেড অফিসার/স্থানীয় সরকার প্রধানের নিকট থেকে শিক্ষার্থীর সাথে মুক্তিযোদ্ধার সম্পর্কের প্রত্যয়নপত্র ভর্তি ফরমের সাথে সংযুক্ত করতে হবে।

(খ) উপজাতি/ক্ষুদ্র জাতিসত্ত্বা/ক্ষুদ্র নৃ-গোষ্ঠী সম্প্রদায় কোটা হতে ভর্তির জন্য শিক্ষার্থীদের স্বীকৃত গোত্র প্রধান (যেমন চাকমা রাজা, মং রাজা) কর্তৃক প্রদত্ত সনদ অথবা বাংলাদেশ আদিবাসী ফোরাম কর্তৃক গোত্রের সমর্থনে প্রদত্ত সনদপত্র ভর্তি ফরমের সাথে সংযুক্ত করতে হবে।

(গ) হরিজন-দলিত জনগোষ্ঠী (অন্ত্যজ) সম্প্রদায় কোটা হতে ভর্তির জন্য শিক্ষার্থীদের তাদের সম্প্রদায় সংগঠন প্রধানের সনদপত্র ভর্তি ফরমের সাথে সংযুক্ত করতে হবে।

(ঘ) শারীরিক প্রতিবন্ধী কোটা হতে ভর্তির জন্য শিক্ষার্থীদের গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সমাজকল্যাণ মন্ত্রণালয়ের সনদপত্র ভর্তি ফরমের সাথে সংযুক্ত করতে হবে।

(ঙ) খেলোয়াড় কোটা হতে ভর্তির জন্য শিক্ষার্থীদের বাংলাদেশ ক্রীড়া শিক্ষা প্রতিষ্ঠান হতে উচ্চ মাধ্যমিক/সমমান পরীক্ষায় পাস করেছে এমন সনদপত্রের ফটোকপি ভর্তি ফরমের সাথে সংযুক্ত করতে হবে। উল্লেখ্য, খেলোয়াড় কোটায় ভর্তি হওয়ার পর বিশ্ববিদ্যালয়ের হয়ে আন্ত:বিশ্ববিদ্যালয় ও জাতীয় প্রতিযোগিতায় বিশ্ববিদ্যালয়ের পক্ষে অংশগ্রহণ করতে বাধ্য থাকবে।

(চ) শুধুমাত্র ইসলামী বিশ্ববিদ্যালয়ের শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীদের পুত্র-কন্যা পোষ্য হিসেবে গণ্য হবে। এ ক্ষেত্রে সংশ্লিষ্ট বিভাগ/দপ্তর প্রধান কর্তৃক প্রদত্ত পোষ্য সম্পর্কের প্রত্যয়নপত্র ভর্তি ফরমের সাথে সংযুক্ত করতে হবে।

৮। ২০২৫-২০২৬ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেনীতে ভর্তিকৃত শিক্ষার্থীদের আগামী ১৫.০৭.২০২৬ তারিখ হতে ক্লাস শুরু হবে ।

৯। ২০২৫-২০২৬ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেনীতে শিক্ষার্থীদের ভর্তি সংক্রান্ত কার্যক্রম পরিচালনার জন্য আগামী ০৯-০৭-২০২৬ তারিখ বৃহস্পতিবার সকাল ০৯ :০০ হতে বিকাল ০৪ :০০ পর্যন্ত ভর্তির সাথে সংশ্লিষ্ট সকল অফিস খোলা থাকবে এবং কুষ্টিয়া-ঝিনাইদাহ-শৈলকূপা এর নির্ধারিত রুটে পরিবহন যাতায়াত করবে।

১০। এ ছাড়াও ইসলামী বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট www.iu.ac.bd/admission এ Login করে প্রয়োজনীয় তথ্য জানা যাবে।

বিশ্ববিদ্যালয়ে ভর্তি হওয়ার পর যদি কোন শিক্ষার্থীর দাখিলকৃত একাডেমিক ট্রান্সক্রিপ্ট/নম্বরপত্র, প্রশংসাপত্র ও সনদপত্র (যে কোন ধরণের সনদপত্র) ইত্যাদি অসত্য বলে প্রমাণিত হয় তবে এই বিশ্ববিদ্যালয় হতে তার ভর্তি বাতিল করা হবে।

M. Haque
06.07.2026

রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত)
ইসলামী বিশ্ববিদ্যালয়,
কুষ্টিয়া।

CamScanner